গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
শালিখা, মাগুরা।
www.dgfood.gov.bd

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ গোলাম মোঃ বাতেন
উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।

সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

তারিখ ঃ ০৯ /০৫/২০২১খ্রিঃ

সময় ঃ সকাল ১০.৩০ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট“ক”-তে সন্নিবেশিত হল।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার বিষয় উপস্থাপনের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিবকে অনুরোধ জানান। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তথা সদস্য সচিব সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা এর ০১/০৪/২০২১খ্রিঃ তারিখের ৫৭ নং স্মারকে গম এবং ২৬/০৪/২০২১খ্রিঃ তারিখের ৭০ নং স্মারকে ২০২১ মৌসুমে বোরো ধান সংগ্রহ ও ০১/০৫/২০২১খ্রিঃ তারিখের ৮১নং স্মারকে বোরো সিদ্ধ চাল সংগ্রহ এবং সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর,ঢাকা এর ০১/০৫/২০২১ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৬৪নং স্মারকপত্র সভায় পাঠ করে শোনান। তিনি সভাকে অবহিত করেন যে, অভ্যন্তরীণ সংগ্রহ /২০২১ এর আওতায় শালিখা উপজেলায় ৮২.০০০মে.টন গম ও ১৪৩২.০০০মে.টন ধান এবং ১৪৪২.০০০ মেটন বোরো সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ২৭/- টাকা এবং প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪০/- টাকা । বোরো সংগ্রহের সময়সীমা ধান ২৮/০৪/২০২১খ্রিঃ তারিখ এবং চাল ০৭/০৫/২০২১খ্রিঃ তারিখ হতে শুরু হয়ে আগামী ১৬/০৮/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। সংগ্রহ নীতিমালা -২০১৭এর পরিশিষ্ট“ক” বিনির্দেশ অনুযায়ী ধান সংগ্রহ করতে হবে। সিদ্ধ চালকল মালিকদের সাথে চুক্তি সম্পাদনের সময়সীমা ০১/০৫/২০২১খ্রিঃ তারিখ হতে ০৯/০৫/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত। অভ্যন্তরীণ বোরো সংগ্রহের আওতায় অত্র উপজেলায় ধান বিক্রয়ের জন্য কৃষকের অ্যাপের মাধ্যমে নিবন্ধন ও আবেদনকৃত কৃষকের নিকট হতে ধান ক্রয়ের জন্য খাদ্য অধিদপ্তরের ০৪/০৪/২১খ্রিঃ তারিখের ১০৩নং স্মারকে নির্দেশনা পাওয়া যায়। পরবর্তীতে খাদ্য মন্ত্রণালয়ের ০৪/০৫/২১খ্রিঃ তারিখের ৮৯ নং স্মারকে কৃষকের অ্যাপ নিবন্ধনের ধীরগতির কারণে অ্যাপের পাশাপশি কৃষকগণকে ন্যায্য মূল্য প্রদানের স্বার্থে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রকৃত কৃকের নিকট হতে ধান ক্রয় পূর্বক অতি দ্রুততার সাথে সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। সেমোতাবেক কৃষি কর্মকর্তার কার্যালয় হতে প্রাপ্ত তালিকাভুক্ত কৃষকদের নিকট হতে ধান ক্রয় করা হবে এবং তালিকা বহির্ভূত কোন কৃষকের নিকট হতে ধান ক্রয় করা যাবে না। তিনি আরো জানান যে, অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা/২০১৭ এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণপূর্বক সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে। সভায় উপস্থিত কমিটির সম্মানিত সদস্যবৃন্দ ধান সংগ্রহের বিষয়ে আলোচনা করেন।

সভাপতি বলেন যে, যেহেতু এটা সরকারের একটা মহৎ ও বর্তমানে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু সেহেতু প্রকৃত কৃষকদের নিকট হতে ধান ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবিষয়ে সংশিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হলো।

সদস্য সচিব বলেন“ কৃষক বাঁচাও দেশ বাঁচাও” এই শ্লোগানের ভিত্তিতে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা /২০১৭ অনুযায়ী ও পরবর্তীতে জারিকৃত নির্দেশনার আলোকে কৃষকের অ্যাপের মাধ্যমে নিবন্ধনকৃত কৃষকের পাশাপাশি উপজেলা কৃষি অফিস হতে সরবরাহকৃত তালিকা অনুযায়ী সরাসরি কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করতে হবে। উপজেলা কৃষি অফিসার জানান যে, প্রকৃত কৃষকের নিকট হতে ধান ক্রয় করতে হবে ,কোনো স্থানীয় ফড়িয়া বা ব্যবসায়ীদের নিকট থেকে কোনো ধান ক্রয় করা যাবে না।এ বিষয়ে কৃষক প্রতিনিধি ও অন্যান্য সদস্যগণও একমত পোষণ করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় উল্লেখ করেন যে,বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে সংগ্রহ কার্যক্রমে অধিকতর স্বচ্চতা ও গতিশীলতা আনয়নের বিষয়ে সবাইকে স্বোচ্চার থাকতে হবে। তিনি আরও বলেন সরকারী নীতিমালা ও নির্দেশাবলী কঠোরভাবে পরিপালন পূর্বক বোরো ধান ও চাল সংগ্রহ করতে হবে ।

অতঃপর অভ্যন্তরীণ সংগ্রহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০১। কৃষকের অ্যাপের মাধ্যমে নিবন্ধনকৃত কৃষকের পাশাপাশি উপজেলা কৃষি অফিসার কর্তৃক সরবরাহকৃত তালিকা হতে প্রকৃত কৃষকদের নিকট হতে ধান ক্রয় করা হবে। একজন কৃষকের নিকট হতে ০১মেটন হতে সর্বোচ্চ ৩মেটন ধান ক্রয় করা যাবে।

০২। ক্রয়কারী কর্মকর্তা কৃষকদের জাতীয় পরিচয়পত্র, কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভিত্তিতে তালিকাভূক্ত কৃষক সনাক্ত করবেন এবং তাদের নিকট হতে ধান ক্রয় করবেন।

০৩। স্বচ্চতার স্বার্থে ডব্লিউকিউএসসির মাধ্যমে প্রতি কেজি ধানের মূল্য ২৭/টাকা হিসেবে সরাসরি উৎপাদক কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে।

০৪। কোন কৃষক ধান বিক্রি করতে এসে যেন হয়রানির শিকার না হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। কৃষকের অ্যাপের মাধ্যমে নিবন্ধনকৃত কৃষকেরা গুদামে ধান সরবরাহ করতে অনিচ্ছুক বা ব্যর্থ হলে তালিকাভূক্ত কৃষক তালিকা হতে আগ্রহী কৃষকেরা ধান সরবরাহ করতে পারবেন।

০৬। উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি সংগ্রহকালীন সময়ে ধান সংগ্রহ কার্যক্রম নিবিড়ভাবে পরিদর্শন করবেন। কোন প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

০৭। সংগ্রহ নীতিমালা/২০১৭ ও পরবর্তীতে সময়ে সময়ে জারীকৃত পরিপত্র মোতাবেক উপজেলার লক্ষ্যমাত্রাকৃত ধান প্রকৃত কৃষকদের নিকট হতে সংগ্রহ করতে হবে। কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত ধান/চাল ক্রয় করা যাবে না। খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক চাল প্রস্তুতকরণ প্রক্রিয়া পরিদর্শন করে নমুনাসহ প্রত্যয়ন প্রদান করবেন।

০৮। চুক্তিযোগ্য মিলারদের মিলের পাক্ষিক ছাটাই ক্ষমতার আনুপাতিক হারে প্রাপ্ত বরাদ্দের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা এর সাথে নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি করবেন।

০৯। অত্র উপজেলায় গম সংগ্রহের সম্ভাবনা না থাকলে অথবা আগ্রহী কৃষক পাওয়া না গেলে সেক্ষেত্রে প্রাপ্ত লক্ষ্যমাত্রার গম জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি বরাবর সমর্পনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। গম সংগ্রহের লক্ষ্যে উপজেলা কৃষি কর্মকর্তা গম উৎপাদনকারী কৃষকের তালিকা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৫/২০২১

(গোলাম মোঃ বাতেন)
উপজেলা নির্বাহী অফিসার,শালিখা,মাগুরা
ও
সভাপতি
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
শালিখা, মাগুরা

স্মারক নং-১৩.০৫.৫৫৮৫.০০৮.৪৫.০৫২.১৯. ২৪১ তারিখঃ ০৯/০৫/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০১। মাননীয় সংসদ সদস্য-৯২, মাগুরা -০২ ও উপদেষ্টা, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,শালিখা, মাগুরা।
০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর,ঢাকা।
০৩। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৪। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,শালিখা, মাগুরা।
০৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা।
০৮। উপজেলা কৃষি অফিসার,শালিখা, মাগুরা ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,শালিখা, মাগুরা।
০৯। উপজেলা যুব উন্নয়ন অফিসার,শালিখা, মাগুরা ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,শালিখা, মাগুরা।
১০। উপজেলা সমাজসেবা অফিসার, শালিখা, মাগুরা ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,শালিখা, মাগুরা।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা আড়পাড়া এলএসডি, শালিখা, মাগুরা।
১২। সভাপতি, চালকল মালিক সমিতি,শালিখা, মাগুরা ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,শালিখা, মাগুরা।
১৩। জনাব কৃতান্ত কুমার রায়, কৃষক প্রতিনিধি ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি,শালিখা, মাগুরা।
১৪। সংরক্ষণ নথি।

৯.৫.২১

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শালিখা, মাগুরা।